অতি জরুরী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
প্রশাসন-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(www.mochta.gov.bd)

নং- ২৯.০০.০০০০.২১৮.০৫.০২০.১৭. ৮২৮ তারিখঃ ১৯/০৪/২০১৭ খ্রিঃ

**বিষয়ঃ এ মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থাসমূহের ২০১৭-২০১৮ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি যথাসময়ে প্রেরণে ব্যর্থতা প্রসঙ্গে।**

প্রতি বছরের ন্যায় মন্ত্রিপরিষদ বিভাগ সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সাথে ২০১৭-২০১৮ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সম্পাদন করবে। এলক্ষ্যে উক্ত বিভাগ কর্তৃক এ মন্ত্রণালয়ে ২০১৭-২০১৮ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি নীতিমালাসহ এ মন্ত্রণালয়ে প্রেরণ করে। মন্ত্রণালয় থেকে উক্ত চিঠি ০৫/০৪/২০১৭ তারিখ পৃষ্ঠাঙ্কণপূর্বক সংস্থাসমূহে প্রেরণ করা হয় এবং ২০১৭-১৮ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ১২/০৪/২০১৭ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়। পত্র এবং টেলিফোনিক যোগাযোগের মাধ্যমে একাধিকবার যোগাযোগ করা হলেও তাঁর সংস্থা হতে অদ্যাবধি কোন চুক্তির কাগজপত্রাদি পাওয়া যায় নি। এতে করে সরকারি কাজে চরম অবহেলা এবং অকর্মকর্তাসুলভ আচরণ পরিলক্ষিত হয়। মন্ত্রণালয়ের চুক্তির কাগজপত্রাদি ২৩ এপ্রিল ২০১৭ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে দাখিলের সময়সীমা বেঁধে দেয়া হয়েছে কিন্তু তাঁর ব্যর্থতার কারণে উক্ত সময়সীমার মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে চুক্তির দলিলপত্রাদি প্রেরণ করা সম্ভব হবে না মর্মে প্রতীয়মান হচ্ছে। এতে করে এ মন্ত্রণালয় যথাসময় দাখিলের জন্য নির্ধারিত নম্বর থেকে বঞ্চিত হবে এবং মন্ত্রণালয়ের ভাবমূর্তি ক্ষুন্ন হবে। শুধু তাই নয় তাঁর এ ধরণের ব্যর্থতার কারণে আগামী অর্থ বছরের উন্নয়ন পরিকল্পনা গ্রহণও বাঁধাগ্রস্থ হবে। এ হেন ব্যর্থতায় দায় ব্যক্তিগতভাবে তাঁকেই বহন করতে হবে।

২। এমতাবস্থায়, তাঁর দপ্তর/সংস্থার ২০১৭-২০১৮ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি নির্ধারিত সময়ের মধ্যে দাখিলে ব্যর্থতার জবাব আগামী তিন কার্য দিবসের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৯/৪/১৭

(সুবিনয় ভট্টাচার্য্য)
উপসচিব
ফোনঃ ৯৫৭৬৬৪৩
Email: a.mochta@yahoo.com

কার্যার্থে বিতরণ (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):

১। প্রধান নির্বাহী কর্মকর্তা, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, রাঙ্গামাটি।
২। মুখ্য নির্বাহী কর্মকর্তা, পার্বত্য জেলা পরিষদ রাঙ্গামাটি/বান্দরবান।
৩। সহকারী প্রোগ্রামার/আইসিটি স্পেশালিষ্ট, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে হালনাগাদসহ সংস্থাগুলোতে ই-মেইল করার অনুরোধসহ)।
৪। অফিস কপি।

D:\Mustaq\Performance Management System (KPI)\Nikosh Folder\Letter (Nikosh file).doc